

আপনার সমস্যা পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
শিক্ষা বিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং : ৪৬.১১.১৬০০.৩০৪.৪০.২০২.২০১২.৬৬৪ (৩৭) তারিখ : ২৬/০৬/২০১৬

প্রাপক : অধ্যক্ষ
ফতেয়াবাদ ডিগ্রি কলেজ
ফতেয়াবাদ, হাটহাজারী, চট্টগ্রাম।

বিষয় : ফতেয়াবাদ ডিগ্রি কলেজ চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক অধিগ্রহণ করা প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বেসরকারি কলেজ-৬ শাখা বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.৯৯.০০১.১৭.১১৭ তারিখ-২৪/০৫/২০১৮ খ্রি. মূলে ফতেয়াবাদ ডিগ্রি কলেজটি সিটি কর্পোরেশনের আওতায় নেয়ার অনুমতি প্রদানের জারীকৃত পত্রালোকের প্রেক্ষিতে এবং মেয়র মহোদয়ের সদয় অনুমোদনক্রমে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আগামী ০১/০৭/২০১৮ খ্রিঃ তারিখ হতে ফতেয়াবাদ ডিগ্রি কলেজ চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক অধিগ্রহণ করা হল।

শর্তাবলী :

- ১। মাননীয় মেয়র-কে সভাপতি করে নতুন ভাবে গভর্নিং বডি গঠন করতে হবে।
- ২। এম.পি.ও ভুক্ত শিক্ষক-কর্মচারীগণ বর্তমানে এম.পি.ও এর অর্থ ছাড়া প্রতিষ্ঠান থেকে যে পরিমান সম্মানী/ভাতা পাচ্ছেন আগামী ০৬ (ছয়) মাস তা বহাল থাকবে। একইভাবে এম.পি.ও বিহীন যে সকল শিক্ষক-কর্মচারী প্রতিষ্ঠান প্রদত্ত সম্মানীতে কর্মরত আছেন তাঁরা অধিগ্রহণের তারিখ থেকে অন্ততঃ পক্ষে ০৬ (ছয়) মাস সমপরিমান সম্মানী/বেতনে কর্মরত থাকতে হবে। সন্তোষজনক চাকরি শেষে সিটি কর্পোরেশনের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ন্যায় তাদের বেতন-ভাতার বিষয়টি বিধিমাতে বিবেচনা করা হবে।
- ৩। শিক্ষা প্রতিষ্ঠানের সকল স্বাবর-অস্বাবর সম্পত্তি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করতে হবে। স্বাবর-অস্বাবর সম্পত্তির দলিল পত্রাদি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এস্টেট শাখায় জমা করণ পূর্বক শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে।
- ৪। বিগত ০৬ (ছয়) মাসের ব্যাংকে জমাকৃত টাকার সুস্পষ্ট হিসাব সহ স্ব স্ব ব্যাংকের স্টেটমেন্ট ও ব্যাংকে জমাকৃত শিক্ষা প্রতিষ্ঠানের সকল প্রকার অর্থ মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নামে পে-অর্ডারের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জমা প্রদান করে তার প্রতিলিপি শিক্ষা বিভাগে দাখিল করতে হবে।
- ৫। অধিগ্রহণের তারিখ হতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বেতন ও অন্যান্য ফি কর্পোরেশনের রশিদ বইয়ের মাধ্যমে কর্পোরেশনের নির্ধারিত হারে আদায় করতে হবে।
- ৬। এম.পি.ও ভুক্ত শিক্ষক কর্মচারীর এম.পি.ও এর টাকা মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর হিসাব নম্বরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা করতে হবে।
- ৭। মাননীয় মেয়র ও অধ্যক্ষ এর নামে যৌথ হিসাব নম্বর খোলার ব্যবস্থা করতে হবে এবং শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত বেতন ও অন্যান্য ফি এর টাকা প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে কর্পোরেশন তহবিলে জমা করতে হবে।
- ৮। অধিগ্রহণের তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠানের সাইনবোর্ডসহ যাবতীয় কাগজপত্রে শিক্ষা প্রতিষ্ঠানের নামের সাথে “সিটি কর্পোরেশন” শব্দটি সংযোজন করতে হবে।
- ৯। একাডেমিক কার্যক্রম জোরদার করতে হবে।
- ১০। পাবলিক পরীক্ষায় ফলাফল গুণগত ও সংখ্যাগত বৃদ্ধি করতে হবে।
- ১১। বর্তমানে শিক্ষক-কর্মচারীদের নিয়োগের কাগজ পত্রাদি তথা পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগ পত্র, যোগদান পত্র, লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর ফর্দ, নিয়োগ সংক্রান্ত গভর্নিং বডির কার্যবিবরণী ও নির্দিষ্ট সময়ে স্ব স্ব পদে চাকুরী স্থায়ীকরণের গভর্নিং বডির কার্যবিবরণী এবং সকল কাগজ পত্রাদি দাখিল করতে হবে।
- ১২। যে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী এম.পি.ও ভুক্ত নন তাঁরা নিজ দায়িত্বে বিধি সম্মতভাবে এম.পি.ও ভুক্তির জন্য প্রক্রিয়া শুরু করতে হবে।


২৬/০৬/১৬

(মোঃসামসুদোহা)

প্রধান নির্বাহী কর্মকর্তা

ফোন: ০৩১-৬১১৪৯৬

ই-মেইল: ctgcccceo@gmail.com